# 10018 - যিনি তার সন্তানকে প্রহার করার মান্নত করেছেন

প্রশ্ন

আমি রাগের মাথায় মান্নত (প্রতিজ্ঞা) করেছিলাম- আমার ছেলেকে মেরে রক্তাক্ত করব। কিন্তু আমি সেটা করিনি। এখন আমার কী করণীয়; এ ব্যাপারে আমাকে জানাবেন। আল্লাহ আপনাদেরকে উত্তম প্রতিদান দিন।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য।

আপনাকে শপথ ভঙ্গের কাফফারা প্রদান করতে হবে। যেহেতু এ ধরনের মান্নত আল্লাহর আনুগত্য বহির্ভূত কাজ। এটি ব্যক্তির চিন্তা-ভাবনা ও মতামত নির্ভর সিদ্ধান্ত। আপনি যেহেতু কাজটি করেননি তাই আপনাকে শপথ ভঙ্গের কাফফারা আদায় করতে হবে। ছেলেকে পিটিয়ে রক্তাক্ত করা জায়েয নেই। তাই এ ধরনের মান্নত করা- হারাম। এই শ্রেণীর মান্নত পূর্ণ করাও জায়েয নেই। মান্নত ভঙ্গের কাফফারা শপথ ভঙ্গের কাফফারার মতোই। তা হচ্ছে- দশজন মিসকীনকে খাদ্য খাওয়ানো অথবা দশজন মিসকীনকে পোশাক দেওয়া অথবা একজন ক্রীতদাস মুক্ত করা। যে ব্যক্তি এ তিনটির কোনটি পালনে অক্ষম তিনি তিনদিন রোজা রাখবেন। খাদ্য খাওয়াতে হবে স্থানীয় খাদ্যের অর্ধ স্বা যেমন- খেজুর, গম, চাল বা অন্যকিছু। এক স্বা এর পরিমাণ হচ্ছে- ২৫০ গ্রাম। আল্লাহই উত্তম তাওফিকদাতা।